

প্রধানমন্ত্রীর নির্দেশ ও মদদে বুয়েটে হামলা হয়েছে : হাসিনা

কাগজ প্রতিবেদক : আওয়ামী লীগ সভানেত্রী ও বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা বুয়েটে অনশনরত ছাত্রদের ওপর ছাত্রদল, শিবির ও পুলিশের সাঁড়াশি হামলার জন্য প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে দায়ী করেছেন। শেখ হাসিনা বলেছেন, প্রধানমন্ত্রীর মদদে ও নির্দেশে এ হামলা হয়েছে। প্রধানমন্ত্রী সনি হত্যার মূল আসামিকে অনশনরত ছাত্রদের বিরুদ্ধে উল্লেখ দিয়েছেন। বুয়েটে অনশনরত ছাত্রদের ওপর হামলা চালিয়ে প্রধানমন্ত্রী মানবতার বিরুদ্ধে সবচেয়ে বড় অপরাধ করেছেন।

নগরীর শমরিতা হাসপাতালে চিকিৎসাধীন ছাত্রদল ও শিবিরের হামলায় আহত বুয়েট ছাত্রলীগের সভাপতি মনিরুজ্জামান মনিরকে গতকাল বিকালে দেখে হাসপাতাল থেকে বেরিয়ে আসার সময় শেখ হাসিনা এ কথা বলেন।

মনিরুজ্জামান মনির বুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র। গত সোমবার তিনি বুয়েট ক্যাম্পাসে ছাত্রদল ও শিবিরের হামলার শিকার হন। আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা গতকাল বিকালে মনিরুজ্জামান মনিরকে দেখতে গেলে মনির বিরোধীদলীয় নেত্রীকে জানান, পুরুষোচিত কর্মসূচি অনুযায়ী তিনি ছাত্রলীগের কর্মীদের নিয়ে বুয়েট ভিসি কার্যালয়ের সামনে অবস্থান করছিলেন। দুপুর ১টার দিকে তিনি জানতে পারেন বুয়েট ক্যাফেটেরিয়ার সামনে অনশনকারীরা আক্রান্ত হয়েছে। এ সংবাদ শুনে মনিরসহ ছাত্রলীগের কয়েকজন কর্মী বুয়েট ক্যাফেটেরিয়ার দিকে যাওয়ার পথে ভিসি কার্যালয় ও বুয়েটের প্রধান গেটের মাঝামাঝি জায়গায় ছাত্রদল ও শিবিরের নেতাকর্মীরা তার ওপর হামলা চালায়। পুলিশের উপস্থিতিতেই তারা মনিরকে কিল-ঘৃষি ও লাথি মারে। এতে করে তিনি মাথা, কাঁধে ও কোমরে আঘাত পান। এ সময় পুলিশ তাকে প্রেস্তারের চেষ্টা করলে সাধারণ ছাত্রছাত্রীরা মনিরকে উদ্ধার করে সিভিল ইঞ্জিনিয়ারিং ভবনে নিয়ে যায়। সেখান থেকে মনিরকে

● এরপর পৃষ্ঠা ১১ কলাম ৬

প্রধানমন্ত্রীর নির্দেশ ও মদদে

● শেষের পাতার পর

শমরিতা হাসপাতালে নিয়ে আসা

হয়।

পুরো ঘটনা শুনে শেখ হাসিনা বলেন, এ ঘটনা অত্যন্ত দুঃখজনক। উদ্বেগের মেধাবী ছেলেরা পড়তে এসে এভাবে শারীরিক নির্যাতনের শিকার হবে তা মেনে নেওয়া যায় না। জানগণ এসব বরদাশত করবে না। এ ঘটনার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে।

বুয়েটে অনশনরত ছাত্রদের ওপর হামলার জন্য প্রধানমন্ত্রীকে দায়ী করে শেখ হাসিনা বলেন, গত শনিবার প্রধানমন্ত্রীর বক্তৃতা থেকেই এ হামলার ইঙ্গিত পাওয়া গিয়েছিল। আগের দিন প্রধানমন্ত্রীর ইঙ্গিতপূর্ণ বক্তৃতা ও পরের দিন বুয়েটে অনশনরত ছাত্রদের ওপর হামলা— এর থেকেই বোঝা যায় প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত ও নির্দেশ ছাড়া এ হামলা হয়নি। তার নির্দেশেই এ হামলা হয়েছে।

বুয়েটে অনশনরত ছাত্রদের ওপর হামলার সময় সনি হত্যা মামলার অন্যতম আসামি ছাত্রদল ক্যাডার মোকাম্মেল হায়াত খান মুকিকে দেখা গেছে। এ প্রসঙ্গে শেখ হাসিনা বলেন, সনি হত্যার মূল আসামি এখন প্রধানমন্ত্রীর আশ্রয়-প্রশ্রয়েই রয়েছে। হত্যা মামলার আসামির বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না। বরং তাকে উল্লেখ দেওয়া হচ্ছে। বুয়েট ছাত্রীদের ওপর পুলিশি হামলার প্রতিবাদ করে শেখ হাসিনা বলেন, প্রধানমন্ত্রী তার এ সকল কর্মকাণ্ড ঢাকতে চেষ্টা করলেও তিনি তার দায়দায়িত্ব এড়াতে পারবেন না।

তিনি বলেন, যারা অপরাধ করবে তারা শাস্তি পাবে না, আর যারা অপরাধের প্রতিবাদ করবে তারা শাস্তি পাবে— এটাই নিয়ম হয়ে দাঁড়িয়েছে। অন্যান্য-অবিচারের বিরুদ্ধে প্রতিবাদ করলে পুলিশ, সন্ত্রাসী ও ক্যাডার দিয়ে লাঠিপেটা করে, ডাঙা মেরে অভ্যুত্থার করে তারা প্রতিবাদী কণ্ঠ স্তব্ধ করতে চাইছে।

শেখ হাসিনা বলেন, অনশনরত যে সকল ছাত্র হাসপাতালে ভর্তি ছিল তাদের হাসপাতাল থেকে বের করে দেওয়া হচ্ছে। এভাবে তারা কতোদিন ক্ষমতা ধরে রাখবে, দেশ চালাবে?

গতকাল শমরিতা হাসপাতালে উপস্থিত ছিলেন মনিরুজ্জামান মনিরের ভাইবোন, বুয়েট ছাত্রলীগ নেত্রীবৃন্দ, ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, এস এম কামাল হোসেন, বি এম মোজাম্মেল প্রমুখ।